আপনাকে সাহায্য করতে আমরা কীভাবে সহায়তা করতে পারি?

আপনি যখন পরিষেবাসমূহের জন্য আবেদন করতে শিশু সহায়তা হেল্পলাইন (Child Support Helpline)-এ ফোন করবেন বা আপনার স্থানীয় শিশু সহায়তা (Child Support) অফিসে যাবেন তখন নিজের, সন্তান(দের) ও নন-কাস্টোডিয়াল পিতামাতা সম্পর্কে যথাসম্ভব তথ্য প্রদানের জন্য প্রস্তুত থাকুন।

অনুগ্রহ করে নন-কাস্টোডিয়াল পিতামাতাদের তথ্যসহ যথাসম্ভব বেশি তথ্য দিন:

- পুরো নাম এবং জন্ম তারিখ।
- বর্তমান ও পূর্বের ঠিকানা এবং ফোন নম্বর।
- বর্তমান ও পূর্বের কর্মক্ষেত্রের ঠিকানা এবং ফোন নম্বর।
- সোশ্যাল সিকিউরিটি নম্বর (Social Security number) (পুরাতন অর্থ প্রদান রেজিস্ট্রার বা ট্যাক্স, মিলিটারি বা মেডিকেল রেকর্ড দেখুন)।
- আয় সম্পর্কিত তথ্য (ট্যাক্স রেকর্ড, অর্থ প্রদান রেজিস্ট্রার, ব্যাংক ও বিজনেস রেকর্ড)।
- স্বাস্থ্য বিমা কভারেজ সম্পর্কিত তথ্য।

অনুগ্রহপূর্বক অন্যান্য সহায়ক তথ্য প্রদান করুন যেমন:

- শিশুর জন্ম সনদ।
- পিতৃত্বের স্বীকৃতি বা বিভাগীয় আদেশ।
- বিয়ের কাবিননামা।
- আপনার ডিভোর্সের আদেশনামা বা বিচ্ছেদের চুক্তিনামা।
- ইতোমধ্যে আপনার নিকট থাকা শিশু সহায়তার যেকোনো আদেশনামা।
- আপনার আয় সম্পর্কিত তথ্য (ট্যাক্স রেকর্ড, অর্থ প্রদান রেজিস্ট্রার, ব্যাংক রেকর্ড)।
- শিশু-সম্পর্কিত খরচ ও শিশুর চাহিদাবলী সম্পর্কিত তথ্য।
- আপনার জন্য উপলব্ধ স্বাস্থ্য সেবা কভারেজ সম্পর্কিত তথ্য।

কিভাবে আপনি আমাদের সাথে যোগাযোগ করবেন?

শিশু সহায়তা কর্মসূচি সম্পর্কে সাধারণ তথ্যের জন্য নিউইয়র্ক স্টেট শিশু সহায়তার ওয়েবসাইট childsupport.ny.gov দেখুন বা 888-208-4485 (TTY 866-875-9975) নম্বরে ফোন করুন। ওয়েবসাইটে, অথবা স্থানীয় শিশু সহায়তার কার্যালয়ে আপনি শিশু সহায়তার জন্য আবেদনের ফরমটি দেখতে পাবেন।

childsupport.ny.gov

888-208-4485 (TTY 866-875-9975)

NEW YORK STATE OF OPPORTUNITY. | Office of Temporary and Disability Assistance

otda.ny.gov

Pub-1950-BE (Rev. 08/15)

শিশু সহায়তা পরিষেবা

প্রতিটি শিশুর উভয় পিতামাতার থেকে সহায়তা পাওয়ার অধিকার আছে

নিউ ইয়র্ক স্টেটে শিশু সহায়তা প্রণয়ন কর্মসূচি (Child Support Enforcement Program) আপনাকে নিম্নলিখিত বিষয়ে সহায়তা করবে:

- একটি শিশুর আইনি পিতৃত্ব প্রতিষ্ঠা।
- একজন নন-কাস্টোডিয়াল পিতামাতা খুঁজে বের করা।
- একটি শিশুর জন্য, স্বাস্থ্য সেবা কভারেজ, সেইসাথে শিশু সহায়তা এবং শিক্ষার খরচসহ আদালত থেকে একটি সহায়তার আদেশ পাওয়া।
- নন-কাস্টোডিয়াল পিতামাতার থেকে শিশু সহায়তার পেমেন্ট সংগ্রহ করা।
- শিশু সহায়তা বকেয়া থাকলে পদক্ষেপ নেওয়া।
- জীবনযাত্রার ব্যয়ের সামঞ্জস্যতার উপর ভিত্তি করে সহায়তার পরিমাণ বাড়াতে আপনার সহায়তার আদেশ পর্যালোচনা করা।
- একটি পরিমার্জনের আবেদন দাখিল করতে সহায়তা করে।
- স্টেটের নিয়মাবলী অনুযায়ী এই পদক্ষেপগুলির যেকোনো একটি নেওয়া।

কে পরিষেবাগুলি পাওয়ার উপযুক্ত?

21 বছরের কম বয়সী যেকোনো বাচ্চা যার জন্য শিশু সহায়তা প্রয়োজন, তার পিতামাতা, অভিভাবক, বা তত্বাবধানকারী।

একটি শিশুর জন্য আপনি সরকারি সহায়তার আবেদন করে থাকলে বা পেয়ে থাকলে, শিশু সহায়তা নিজে থেকেই প্রদান করা হবে যদি না শিশু সহায়তা পরিষেবা চাওয়ার ফলে আপনার বা আপনার শিশুর শারীরিক বা মানসিক ক্ষতি হয়।

শিশু সহায়তা পরিষেবাগুলি কী কী?

একবার আপনি আবেদন করলে, আমাদের কর্মসূচি নিচের পরিষেবাগুলি প্রদান করবে। নন-কাস্টোডিয়াল পিতামাতা নিউইয়র্ক স্টেটে থাকুন বা না থাকুন এই পরিষেবাগুলি পাবেন। আপনি কোনোদিন অভাবী পরিবারগুলির জন্য সাময়িক সহায়তা (Temporary Assistance for Needy Families, TANF) না পেয়ে থাকলে এবং শিশু সহায়তা কর্মসূচি আপনার জন্য যুক্তরাষ্ট্রীয় আর্থিক বছরে (যা প্রতি বছর 1 অক্টোবর শুরু হয়) অন্তত 500 ডলার সংগ্রহ করলে আপনাকে 25 ডলার বার্ষিক ফী চার্জ করা হবে।

পিতৃত্ব প্রতিষ্ঠা

প্রয়োজন হলে, আমরা স্বেচ্ছামূলক স্বীকৃতি বা পারিবারিক আদালতে পিতৃত্ব প্রতিষ্ঠা করতে একটি আবেদন দাখিল করার মাধ্যমে আইনি পিতৃত্ব প্রতিষ্ঠা করতে সহায়তা করব। পিতৃত্ব নির্ধারণ করতে সহায়তা করার জন্য আমরা একটি DNA পরীক্ষা করারও ব্যবস্থা করব।

নন-কাস্টোডিয়াল পিতামাতার অবস্থান

নন কাস্টোডিয়াল পিতা বা মাতা কোথায় থাকেন তা আপনি না জানলে, তাদের খুঁজে বের করতে কম্পিউটার এবং স্থানীয় অনুসন্ধানগুলি ব্যবহার করা হয়।

সহায়তা স্থাপন

আইনগতভাবে আপনি যে শিশু সহায়তা পাওয়ার যোগ্য তা পেতে, আপনার একটি আদালতের আদেশ প্রয়োজন। একটি সহায়তার আদেশনামা পেতে আমরা আপনাকে পারিবারিক আদালতে একটি আবেদন জমা করতে সহায়তা করব যেটি নিম্নলিখিত শিশু সহায়তা নির্দেশিকার উপর নির্ভরশীল।

পার্সেন্টেজসমূহ

কটি শিশু আদালতের আদেশের আওতাভুক্ত তার উপর ভিত্তি করে পিতামাতার একত্রিত আয়ের একটি স্থায়ী পার্সেন্টেজ দ্বারা নন-কাস্টোডিয়াল পিতামাতাকে শিশু সহায়তার জন্য প্রাথমিকভাবে কত দিবে তা গণনা করা শুরু হয়।

1টি শিশু	17%
2টি শিশু	25%
3টি শিশু	29%
4টি শিশু	31%
5 বা তার বেশি	অন্তত 35%

নির্দিষ্ট কিছু যুক্তরাষ্ট্রীয়, স্থানীয় এবং সামাজিক সুরক্ষা করগুলির কারণে শিশু সহায়তার ক্ষেত্রে কোনো পিতামাতার আয় হ্রাস পেতে পারে। হিসেবে ব্যবহৃত আয়ের মধ্যে রয়েছে শ্রমিকের ক্ষতিপূরণ, প্রতিবন্ধকতার জন্য পেমেন্ট, বেকার ভাতা, এবং অন্যান্য ধরনের আয়। 141,000 ডলার (2014 পর্যন্ত) পর্যন্ত প্রায় সকল আয়ের ক্ষেত্রে পার্সেন্টেজের নির্দেশিকা প্রযোজ্য হয়। এই "সীমা"-টি একবছর পরপর সংশোধন করা হয় (বর্তমান বছরের অর্থের "সীমা"-র পরিমাণ দেখতে childsupport.ny.gov দেখুন)।

অন্যান্য অর্থ

শতাংশের পরিমাণের সাথে, আদালত বিমার আওতাভুক্ত না থাকা কোনো ভবিষ্যতের ন্যায্য স্বাস্থ্য পরিচর্যা খরচ আওতাভুক্ত করতে অবশ্যই শিশু সহায়তার দায় বৃদ্ধি করবে। কাস্টোডিয়াল পিতামাতা কাজে নিয়োজিত থাকলে, স্কুলে, বা কোনো ভোকেশনাল ট্রেনিং প্রোগ্রামে থাকলে শিশু সহায়তার ন্যায্য খরচ কভার করতে আদালত অর্থের পরিমাণ বৃদ্ধি করতে পারে। এছাড়া, শিশুটির ন্যায্য শিক্ষার খরচ কভার করতে আদালত অর্থের পরিমাণ বৃদ্ধি করতে পারে।

সহায়তা সংগ্রহ

আদালত নন-কাস্টোডিয়াল পিতামাতাকে শিশু সহায়তার অর্থ সহায়তা সংগ্রহ কেন্দ্রে (SCU) প্রদান করার আদেশ দিবে। SCU পেমেন্টগুলির ট্র্যাক রাখবে এবং সেগুলি কাস্টোডিয়াল পিতামাতার কাছে পাঠিয়ে দেবে। পিতামাতারা নিউ ইয়র্ক স্টেট শিশু সহায়তা ওয়েবসাইট childsupport.ny.gov এ গিয়ে বা 888-208-4485 নম্বরে ফোন করে তাদের ব্যক্তিগত পরিচিতি নম্বর (personal identification number, PIN) ব্যবহার করে পেমেন্টের তথ্য পেতে পারেন। আপনার একটি PIN না থাকলে, অনুগ্রহ 888-208-4485 (TTY 866-875-9975) নম্বরে ফোন করুন।

সহায়তা প্রণয়ণ – প্রশাসনিক

আদালতের আদেশনামায় উল্লিখিত অর্থ প্রদান করার জন্য নন-কাস্টোডিয়াল পিতামাতার নিয়োগকারীকে নির্দেশ দিতে সহায়তা সংগ্রহ কেন্দ্র (Support Collection Unit, SCU) একটি ইনকাম উইথহোল্ডিং এর আদেশ পাঠাবে। পেমেন্ট বাকি থেকে গেলে, SCU ট্যাক্স রিফান্ড, লটারিতে জেতা পুরস্কার এবং ব্যাংক অ্যাকাউন্ট বাজেয়াপ্ত করে, ড্রাইভার লাইসেন্স, পাসপোর্ট বাতিল করে, এবং পরিশোধ না করা শিশু সহায়তা সম্পর্কে ক্রেডিট রিপোর্টিং এজেন্সিগুলিকে জানিয়ে পরিশোধ না করা সহায়তার অর্থ আদায় করতে পারে। আদায় করার জন্য SCU কেসটি নিউইয়র্ক স্টেট কর ও অর্থ দপ্তর (New York State Department of Taxation and Finance) কাছেও পাঠাতে পারে।

সহায়তা প্রণয়ণ – আদালত

প্রশাসনিক আইন প্রণয়ণ সফল না হলে, পারিবারিক আদালতে একটি লঙ্ঘনের আবেদন দায়ের করার জন্য SCU আপনাকে সহায়তা করতে পারে। শিশু সহায়তা প্রদান করতে, আদালত অর্থ পরিশোধের রায় দিতে পারে; স্টেটে থাকা ব্যবসা, পেশাদার, বিনোদনমূলক, বা পেশাগত লাইসেন্স বাতিল করার জন্য শুনানির, বা অবেক্ষাধীন থাকার বা কারাবাসের আদেশ দেয়।

স্বাস্থ্য বিমার সুবিধাসমূহ স্থাপন এবং বাস্তবায়ন

যেকোনো একজন পিতামাতার স্বাস্থ্যবিমা থাকলে আইন অনুযায়ী আপনার সন্তান স্বাস্থ্যবিমার কভারেজ পাওয়ার যোগ্য। নন-কাস্টোডিয়াল পিতামাতার নিয়োগকারীর মাধ্যমে সেটি উপলভ্য হলে এই কভারেজটি পেতে আমরা পারিবারিক আদালতে একটি আবেদন দাখিল করতে আপনাকে সহায়তা করব।

পর্যালোচনা এবং সমন্বয়

জীবনযাত্রার মানের সাথে শিশু সহায়তার অর্থ সামঞ্জস্যপূর্ণ আছে কিনা তা নির্ধারণ করতে SCU মাঝে মধ্যে আপনার সহায়তার আদেশ পর্যালোচনা করতে পারে।

পরিমার্জন

পরিস্থিতিতে কোনও উল্লেখযোগ্য পরিবর্তন, তিন বছরের একটি সময়কাল, বা যেকোনো একজন পিতামাতার আয়ে 15% বা তার বেশি পরিবর্তন হলে তার উপর ভিত্তি করে একটি আবেদন দাখিল করার জন্য SCU আপনাকে সহায়তা করতে পারে।

আইনি পরিষেবাসমূহ

অভিভাবকত্বের পরিবর্তন বা যেকোনো একজন পিতামাতার চাকরি হারানো বা কাজ করার অক্ষমতার উপর ভিত্তি করে আপনার শিশু সহায়তার আদেশ পরিমার্জন করতে SCU আপনাকে সহায়তা করতে পারে।